কুষ্টিয়ায় আরও ৬ জনের মৃত্যু, নতুন শনাক্ত ৪২

কুষ্টিয়ায় গত ২৪ ঘণ্টায় আরও ৬ জনের মৃত্যু হয়েছে।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের করোনা ইউনিটে গত ২৪ ঘণ্টায় তাদের মৃত্যু হয়।

রোববার (২২ আগস্ট) সকাল ৯টায় কুষ্টিয়া জেনারেল হাসপাতালের পরিসংখ্যান কর্মকর্তা মো. মেজবাউল আলম এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, আক্রান্ত এবং উপসর্গ নিয়ে রোববার পর্যন্ত ১৪০ জন রোগী হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এর মধ্যে করোনায় আক্রান্ত হয়ে ১০৬ জন ও উপসর্গে ৩৪ জন ভর্তি রয়েছেন।

এদিকে, কুষ্টিয়া পিসিআর ল্যাবে গত ২৪ ঘণ্টায় জেলায় ২১৬টি নমুনা পরীক্ষার বিপরীতে ৪২ জনের করোনা শনাক্ত হয়েছে। শনাক্তের হার ১৯ দশমিক ৪৪ভাগ।

কুষ্টিয়ার সিভিল সার্জন ডাঃ এএইচএম আনোয়ারুল ইসলাম বলেন, জেলায় এ পর্যন্ত মোট করোনায় আক্রান্ত হয়েছে ১৭ হাজার ২০৭ জন। এর মধ্যে সুস্থ হয়েছেন ১৪ হাজার ৬৪৪ জন। এখন পর্যন্ত করোনায় আক্রান্ত ও উপসর্গ নিয়ে জেলায় মারা গেছেন ৬৯৮ জন।

নতুন করে শনাক্ত হওয়া ৪২ জনের মধ্যে কুষ্টিয়া সদর উপজেলার ১৬ জন, কুমারখালীর ১৭ জন, দৌলতপুরের একজন, মিরপুরের ছয়জন ও খোকসার দুজন রয়েছেন।

দামুড়হুদায় কালের কণ্ঠ

শুভসংঘের উদ্যোগে বৃক্ষ রোপন কর্মসূচির উদ্বোধন

দামুড়হুদায় কালের কণ্ঠ শুভসংঘের উদ্যোগে উপজেলা কৃষি অফিসের সহায়তায় বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। শনিবার সকাল ১০টার দিকে দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার কৃষিবিধ মনিরুজ্জামান দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে তাল গাছের চারা রোপন করে কর্মসূচির উদ্বোধন করেন।

এসময় উপজেলা কৃষি অফিসার কৃষিবিধ মনিরুজ্জামান বলেন, বৈশ্বিক উষ্ণতা কমাতে বৃক্ষরোপণের কোনো বিকল্প নেই। তাল গাছ বজ্রপাত থেকে আমাদেরকে রক্ষা করে। সেই সাথে তাল একটি সুস্বাধু ফল। তাল থেকে বিভিন্ন ধরনের পিঠা তৈরি করে আমরা খেয়ে থাকি। তালের পাতা থেকে পাখা তৈরি করা হয়। দামুড়হুদা উপজেলা শুভসংঘের বন্ধুরা যে বৃক্ষরোপণ কর্মসূচি হাতে নিয়েছে এটি চমৎকার একটি উদ্যোগ। আমি এই উদ্যোগকে স্বাগত জানাচ্ছি। শুভসংঘের বন্ধুরা এভাবেই শুভকাজ করে যাবেন এমন প্রত্যাশা করছি। কৃষি অফিসের পক্ষ থেকে সকল ধরনের সহায়তা করা হবে।

এরপর উপজেলার, দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে ও আঞ্চলিক সড়কের পাশে শতাধিক তালের চারা রোপন করা হয়। এছাড়া কয়েক দিনের মধ্যে উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠান সহ বিভিন্ন স্থানে ফলজ গাছের চারা আম, জাম, নারিকেলসহ বিভিন্ন ধরনের গাছের চারা রোপন করা হবে।

এ আয়োজনে উপস্থিত ছিলেন উপজেলা শুভসংঘের সভাপতি ইসমাইল হোসেন, সহ-সভাপতি হাজী আব্দুল কাদির, সাধারণ সম্পাদক মাকসুদুর রহমান রতন, উপদেষ্টা দামুড়হুদা ওদুদ শাহা ডিগ্রি কলেজের প্রিন্সিপাল কামাল উদ্দীন, হাবিবুর রহমান, যুগ্ম-সম্পাদক সাইফুল ইসলাম, অর্থ সম্পাদক নওশাদ আলি, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক আব্দুল আলিম, ক্রীড়া সম্পাদক এস এম ইমরান হোসেন লিটন,নারী বিষয়ক সম্পাদক সেলিনা খাতুন, নির্বাহী সদস্য জান মোহাম্মদ, শফিউল আজম, ইফসুফ আলি, আক্তারুজ্জামান বাবু, যাদু শিল্পি মোহাম্মদ আলি এবং বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ।

মুজিবনগরে গাঁজাসহ এক যুবক আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুরে অভিযান চালিয়ে গাঁজাসহ জহিরুল ইসলাম খোকন (৩৮) নামের এক যুবককে গ্রেফতার করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

শনিবার সকালে মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর কালিতলা নামক স্থান থেকে জহুরুল ইসলামকে গ্রেফতার করা হয়। জহিরুল ইসলাম খানপুর গ্রামের মৃত রূপচাঁদ এর ছেলে।

ডিবি সূত্রে জানা গেছে দারিয়াপুর এলাকায় গাঁজা বিক্রির উদেশ্যে অবস্থান করছে এমন খবর পেয়ে মেহেরপুর ডিবি পুলিশের এসআই মুক্ত রায় চৌধুরীর নেতৃত্বে এসআই অজয় কুমার কুন্ডু, এএসআই হেলাল উদ্দিনসহ সঙ্গীয় ফোর্স কালিতলা নামক স্থানে অভিযান চালায়।

এসময় জহুরুল ইসলামকে গ্রেপ্তার করার পর তার কাছ থেকে ৫০ গ্রাম গাঁজা উদ্ধার করেন। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মুজিবনগর থানায় একটি মামলা হয়েছে। তার বিরুদ্ধে আরও মাদকের মামলা বিচারাধীন আছে।

মেহেরপুরে ২১ জন করোনা আক্রান্ত! মৃত্যু-১

মেহেরপুরে নতুন করে ২১ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ৪ জন, গাংনী ১৩ জন, মুজিবনগর ৪ জন। মৃত্যবরণ করেছেন ১ জন।

শনিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন।

সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১৫৭ টি। তারমধ্যে ২১ জন করোনা পজিটিভ। এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ১৮১ জন। তার মধ্যে সদরে ১৭ জন, গাংনীতে ১১৯ জন এবং মুজিবনগরে ৬৫ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৫ জন । মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৪ জন ও মুজিবনগরে ৩৯ জন।

শোকবহ পরিবেশে ঝিনাইদহে ২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের স্মরণ

ঝিনাইদহে ২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের স্মরণে নানা কর্মসূচীর পালন করেছে আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীসহ নানা সংগঠন। এ উপলক্ষে শনিবার সকালে শহরের পায়রা চত্বর থেকে একটি শোক র্যালী বের করে জেলা ছাত্রলীগ।

র্যালিটি বিভিন্ন সড়ক ঘুরে জেলা শিল্পকলা একাডেমী চত্বরে গিয়ে শেষ হয়। সেখানে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে প্রথমে জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করা হয়। পরে জেলা যুবলীগ ও জেলা ছাত্রলীগ শ্রদ্ধা নিবেদন করে।

এসময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের নেতা তৈয়ব আলী জোয়ার্দ্দার, যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাড. আক্কাস উদ্দিন, সাংগঠনিক সম্পাদক অশোক ধর, এম হাকিম আহম্মেদ, প্রচার সম্পাদক আছাদুজ্জামান আছাদ, সদর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, জেলা যুবলীগের যুগ্ম আহাবায়ক শফিকুল ইসলাম শিমুল, জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ, সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক এ্যাড. সালমা ইয়াছমিনসহ অন্যান্যরা।

২১ আগস্টে নিহতদের স্মরণে মেহেরপুর জেলা আওয়ামীলীগের আলোচনা সভা

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যা প্রচেষ্টা ও একুশে আগস্টে নিহতদের স্মরণে মেহেরপুর জেলা আওয়ামীলীগের উদ্◌েযাগে আলোচনা সভার অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেলে মেহেরপুর শিশু একাডেমিতে এই আলোচনা সভার আয়োজন করা হয়। মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি ভার্চুয়াল মাধ্যমে উপস্থিত থেকে আলোচনা সভার সভাপতিত্ব করেন।

আলোচনা সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিম, সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, পিপি পল্লব ভট্টাচার্য,গাংনী পৌর মেয়র আহমদ আলী, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল, জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল এনাম বকুল, বুড়িপোতা ইউপি চেয়ারম্যান শাহ জামান প্রমুখ। এসময় জেলা আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

২১শে আগষ্ট নিহতদের স্মরণে

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের আলোচনা সভা

২০০৪ সালের ২১শে আগষ্ট বঙ্গবন্ধু কন্যা দেশরত্ন জননেত্রী শেখ হাসিনা কে হত্যার উদ্দশ্যে বর্বরোচিত গ্রেনেড হামলায় নিহত শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এবং হামলার আসামিদের ফাঁসির দাবিতে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেলে মুজিবনগর পি ডব্লিউ ডি রেষ্ট হাউজ চত্বরে উপজেলা আওয়ামীলীগে সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলুর আয়োজনে আলোচনা সভায় জেলা আওয়ামীলীগের অন্যতম সদস্য রফিকুল ইসলাম তোতা এর সভাপতিত্ব উক্ত অনুষ্ঠানে অনলাইনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন দোদুল,বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু।

উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চান্দুর সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোনাখালী ইউপি চেয়ারম্যান মোফিজুর রহমান,দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তৌফিকুল বারী বকুল। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামীলীগের যুগ্নসাধারণ সম্পাদক নাসিরউদ্দীন আহমেদ (বাবলু),বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মজিবার রহমান মধু,সাধারন সম্পাদক নজরুল ইসলাম,অর্থবিষয়ক সম্পাদক শায়েস্তা খাঁন,মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম(অপা গাইন),দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাকিম হক খোকন,উপজেলা যুব মহিলালীগের সভাপতি তহমিনা খাতুন,সম্পাদক তসলিমা খাতুন,উপজেলা সেচ্ছাসেবকলীগের সহ-সভাপতি মতিউর রহমান মতিন, মুজিবনগর উপজেলা শ্রমিকলীগের সভাপতি আবুল কালাম আজাদ,উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দীন,সম্পাদক শেখ শাকিব, মোনাখালি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি গাজী স্বপন, বাগোয়ান ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক হাসিব রানাসহ আওয়ামীলীগ,যুবলীগ, মহিলাযুবলীগ,সেচ্ছাসেবকলীগ, শ্রমিকলীগ,ছাত্রলীগের নেতাকর্মীবৃন্দ।

২১ আগস্ট নিহতদের স্মরণে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের আলোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে একুশে আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের স্মরণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।শনিবার বেলা সাড়ে পাচটার সময় চুয়াডাঙ্গা বড়বাজার হাসান চত্বরে এই সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি ও চুয়াডাঙ্গা সদর উপজেলা চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাসের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা মোঃ আজাদুল ইসলাম আজাদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও আইলহাস ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এ্যাডভোকেট আব্দুল মালেক চুয়াডাঙ্গা জেলা কৃষক লীগের সভাপতি ও মোমিনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম ফারুক চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের আহ্বায়ক ও সাবেক মেয়র মোঃ ওবাইদুর রহমান চৌধুরী জিপু, চুয়াডাঙ্গা জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক আসাদুজ্জামান কবির,চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম আহবায়ক মতিয়ার রহমান মতি, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মোঃ জানিফ,চুয়াডাঙ্গা সদর উপজেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক ও সদর থানা ছাত্রলীগের সভাপতি জুয়েল রানা, যুগ্ম আহবায়ক ও ৪ নং ওয়ার্ড কাউন্সিলর মাফিজুর রহমান মাফি,যুগ্ম আহবায়ক ইমরান আহমেদ, চুয়াডাঙ্গা জেলা জাতীয় শ্রমিক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মুক্তার হোসেন মিলন সহ চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ,স্বেচ্ছাসেবক লীগ,কৃষক লীগ,ছাত্রলীগের নেতা ও কর্মিগণ উক্ত অনুষ্ঠানটি সঞ্চালনায় দায়িত্বে ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক যুব ও ক্রীড়া সম্পাদক এডভোকেট শফিকুল ইসলাম শফি।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

স্ত্রী সাফিয়া খাতুন(৪০)।

সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের ময়েজ উদ্দিনের ছেলে আরশাদ আলীর বাড়িতে জামায়াত কর্মীদের গোপন বৈঠক চলছে এমন খবর পেয়ে মেহেরপুর সদর থানার সেকেন্ড অফিসার এসআই শরীফ হাবিবের নেতৃত্বে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের ময়েজ উদ্দিনের ছেলে আরশাদ আলীর বাড়িতে অভিযান চালায়। এ সময় ৬ জনকে আটক করে থানায় নিয়ে আসে। এসআই শরীফ হাবিব জানান আটক ব্যক্তিদের জিজ্ঞাসাবাদ চলছে।